সংবাদ

তারিখ ... 03 APR 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 2 ...

তনু হত্যার প্রতিবাদে

# আজ সব শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

নিজস্ব বার্তা পরিবেশক ও বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

তনু হত্যার প্রতিবাদে আজ সারা দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালন করবে শিক্ষার্থীরা। তবে আজ থেকে শুরু হওয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষা এর আওতামুক্ত থাকবে। বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসির রাজু ভাস্কর্যের পাদদেশে অনুষ্ঠিত হবে ছাত্র, শিক্ষক, জনতা সংহতি সমাবেশ। গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীবৃন্দ' ব্যানারে এ ঘোষণা দেয়া হয়।

গতকাল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পক্ষে ফারুক আহমাদ আরিফের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তনু হত্যার বিচারের দাবিতে দেশব্যাপী সকল শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘটের অংশ হিসেবে আজ ক্লাস বর্জন করে ধানমন্ডি ২৭ নম্বর এ স্টেট ইউনিভার্সিটির সামনে দুপুর সাড়ে ১২টায় বিক্ষোভ করবে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিক্ষোভে ধানমন্ডি, মিরপুর ও শিক্ষা : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## শিক্ষা : প্রতিষ্ঠানে ধর্মঘট

(১ম পৃষ্ঠার পর)

মোহাম্মদপুরে অবস্থিত সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত থাকবেন।

এদিকে গতকালও তনু হত্যার প্রতিবাদে নানা কর্মসূচি পালিত হয়েছে। তনু হত্যার বিচারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লাঠি মিছিল করেছে প্রীতিলতা ব্রিগেড। দুপুরে মিছিলটি মধুর ক্যান্টিন থেকে শুরু হয়ে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শাহবাগ হয়ে রূপসী বাংলা হোটেলের মোড় ঘুরে আবার টিএসসির রাজু ভাস্কর্যের সামনে এসে শেষ হয়। এ সময় অবিলম্বে তনুসহ দেশে সকল ধরনের নারী নির্যাতনের বিচারের জন্য সরকারের নিকট জোর দাবি জানিয়েছেন ব্রিগেডের সদস্যরা। প্রসঙ্গত; বাংলাদেশ ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক লাকী আক্তারকে আহ্বায়ক করে গত বছর পহেলা বৈশাখে নারী নির্যাতনের ঘটনার পর এই ব্রিগেড গঠন করা হয়।

গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে তনু হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবিতে মানববন্ধন করেছে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস অ্যান্ড ডেভেলপমেন্ট, বাংলাদেশ নারী লেখক পরিষদ, দৈনিক মানবকণ্ঠ পত্রিকার লেখক-পাঠক-শুভানুধ্যায়ীদের সংগঠন 'মানবকণ্ঠ সেতুবন্ধন'। পৃথক পৃথক এই কর্মসূচিতে তনুসহ বাংলাদেশের সব হত্যাকাণ্ড, গুম, অপহরণ, নারী-শিশু নির্যাতনের তীব্র নিন্দা জানিয়ে এ বিষয়ে সরকারকে পদক্ষেপ নেয়ার আহ্বান জানানো হয়।

তনুসহ সারা দেশে শিশু ও নারীর ওপর যৌন সন্ত্রাস ও হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের বিচারের দাবিতে তেজগাঁও কলেজ সাধারণ শিক্ষার্থীদের আহ্বানে ক্যাম্পাসের সামনে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীদের পাশাপাশি মানববন্ধনে সংহতি জানান কলেজের উপ-উপাচার্য এনায়েত উল্লাহ এবং আঞ্জুমান আরা। মানববন্ধন শেষে বিক্ষোভ সমাবেশ করতে চাইলে পুলিশ সমাবেশে বাধা দেয়। পুলিশের বাধার কারণে শিক্ষার্থীরা ক্যাম্পাসের ভিতরে ব্যাংকের সামনে বিক্ষোভ সমাবেশ করে।